রাত ১০:০০ টা !

কেউ বলেছেন লজ্জা , ঘৃনা ও ভয় তিন থাকিতে নয়।

বাস্তব জীবনে প্রয়োগ করতেই , ভিন্ন ভিন্ন সমস্যায় পরতে হয়।।

চারপাশে -চারিদিকে পাচ্ছ যে এত শব্দ শুনতে,

এমনো দিন হতে পারে তোমাকে সব গুনতে।।

রাত ১০ টা-র পর বাজায় তাহারা উচ্চশব্দে গান,

কই আমি তো কখনো শুনিনি গিয়েছে তাদের মান ।।

একই গান বাজায় তাহারা ,

মনে হয় আটকে গিয়েছে সময়েরই গোলক ধাঁধায় ,

তাহারা খায় -দায় আনন্দে মগ্ন শায়িত নিদ্রায় ।।

তাহারা কী জানে , তাদের জন্য-ই উৎপন্ন ক্ষিপ্ত মেজাজ ।

তাদের বললে বলে , টাকা কী তুই দিয়ে যাচ্ছ ।

কে কী বলবে এদের , আরে বড়ো-রাই রয়েছে ঘরের।।

কখনো জানায় না, তাহারা তোমায় শুভঃ বিদায় ।

করবে তারা পূজার সময়ে জোর কদমে কর আদাই।।

কাদের দিয়েছো তুমি লাউডস্পিকার ,

তাই দিয়ে করছে দিন রাত টর্চার , হে এটাই সমাজ ।

ছোট্টদের কী বলব আর, বড়োরাই তো মাতিয়েছে তাল ।

যাদের পরনে রয়েছে ধর্ম নামক , উচ্চবর্ণের বৈচিত্র্য ছাল ।।

কখনো ধরো-না এমন স্বভাবের হাল ।

কাল বয়ে যাবে, বিবেকে স্মৃতি কথা কবে ।

কুসংস্কার রয়ে যাবে , কেউ কী তা প্রশ্রয় দিবে।।

।

এ এক আজব রাজা আজব দেশে ভগবানরাও মাইকে শুনে ।

এই যে দেখো আজব রাজার ভুলো সংখ্যায় আজব বেশে,

যাবে সবাই আনন্দে ভেসে ,উগ্ধ শ্বাসে, মুক্ত বেশে ;

তোমায় ধরবে হলে, উঁচু নিচু বলে ঠেসে ।।

আরে কী হবে কারো ,মুক্ত মনে চিন্তা করে ।

একটু যদি এদিকে এসে, মাইকে নেচে , আনন্দ নাও ভালো করে।

তোমায় কি কেউ জ্ঞান দেখাবে , সেকথা যে ভ্রান্তি হবে;

জ্ঞানের বই কে ছাপাবে , শেষে কী তার প্রানটা যাবে ।